সমকাল

তারিখ ... 28 APR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ... ......

# জাবিতে প্রক্টরের পদত্যাগ দাবিতে ধর্মঘট

■ জাবি প্রতিনিধি

পুলিশি হামলায় মদদদান ও দায়িত্বে অবহেলার অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. তপন কুমার সাহার পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে সর্বাত্মক ধর্মঘট পালন করেছে প্রগতিশীল ছাত্রজোট।

সকাল ৮টা থেকে সংগঠনটির নেতাকর্মীরা বিভিন্ন বিভাগের সামনে অবস্থান নেন। অধিকাংশ বিভাগেই ক্লাস পরীক্ষা হয়নি। তবে ফাইনাল পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত ছিল। সকাল ১০টার দিকে পরিবহন কার্যালয় ঘেরাও করা হয়। বেলা ১১টার দিকে একটি বিক্ষোভ মিছিল পরিবহন চত্বর থেকে শুরু হয়ে সমাজবিজ্ঞান অনুষদের সামনে এসে শেষ হয়। মিছিল শেষে আজ বৃহস্পতিবার কালোব্যাজ ধারণের কর্মসূচি দেন তারা।

শাখা ছাত্র ইউনিয়নের সভাপতি দীপাঞ্জন সিদ্ধান্ত কাজল বলেন, প্রক্টরের দায়িত্বে অবহেলা ও নির্দেশে এ হামলার ঘটনা ঘটেছে। প্রক্টর পদত্যাগ না করা পর্যন্ত আমাদের আন্দোলন চলবে। তবে প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা দায়িত্বে অবহেলার অভিযোগ অস্বীকার করেছেন।

সোমবার তনু হত্যার বিচার দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্রজোটের কর্মসূচিতে নৃশংস হামলা চালায় পুলিশ।